



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৫

০৪ শ্রাবণ ১৪২৯

তারিখঃ

১৯ জুলাই ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া না লিখে ব্রাহ্মণবাড়িয়া লেখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর ৪ জুলাই ২০২২ তারিখের স্মারক নং-৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২১১ মোতাবেক সকল দাপ্তরিক কাজে ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়ার পরিবর্তে ব্রাহ্মণবাড়িয়া লেখার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)  
পরিচালক (ডিএফআইএম)  
ফোনঃ ৯৫৩০১৭৮



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
প্রশাসন ও কল্যাণ শাখা  
www.fid.gov.bd



সুশিববর্ষের প্রতিশ্রুতি  
আর্থিক বাস্তব অগ্রগতি

নম্বর - ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.২১১

তারিখ: ২০ আষাঢ়, ১৪২৯  
০৪ জুলাই, ২০২২

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া না লিখে ব্রাহ্মণবাড়িয়া লেখার নির্দেশনা অবহিতকরণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১২.৮২.০০৪.১৭.২৫৯ তারিখ ২৮-০৬-২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলা সূচনালগ্ন থেকে ব্রাহ্মণবাড়িয়া হিসেবে পরিচিত এবং ১২.০২.১৯৮৪ সালের S.R.O. 61-L/84/MER (JA-2)/264/83-85 -এর মাধ্যমে এ জেলার নাম ব্রাহ্মণবাড়িয়া নামে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। একটি মহল কর্তৃক ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়া জেলা নামে প্রচার করার ফলে বিভিন্ন দাপ্তরিক যোগাযোগ, ব্যবসা প্রতিষ্ঠানের সাইনবোর্ড, মহাসড়কে স্থাপিত ওভারহেড ডিরেকশনাল সাইন বোর্ড, কিলোমিটার পোস্ট ও বিলবোর্ডগুলোতে ব্রাহ্মণবাড়িয়া নামের পরিবর্তে বি-বাড়িয়া নামের প্রচলন শুরু হয়, যা এখনো বিদ্যমান রয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের আওতাধীন দপ্তরসমূহের চিঠিপত্র এবং রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সরকারি সফরসূচিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার নাম বি-বাড়িয়া লিখে পত্র যোগাযোগ অব্যাহত রয়েছে। প্রকৃত পক্ষে সরকারিভাবে বি-বাড়িয়া নামে কোন জেলা নেই।

বর্ণিতাবস্থায়, সকল দাপ্তরিক কাজে ব্রাহ্মণবাড়িয়া জেলাকে বি-বাড়িয়ার পরিবর্তে ব্রাহ্মণবাড়িয়া লিখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- সংযুক্তি: (১) মন্ত্রিপরিষদ বিভাগের পত্র।  
(২) ব্রাহ্মণবাড়িয়া নামকরণের গেজেটের কপি।  
(৩) জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া'র পত্র।

২৪/০৭/২০২২  
(মীনাঙ্কী বর্মণ)  
উপসচিব

ফোন: ৫৫১০০৮৫৮  
ds.admin@fid.gov.bd

গভর্নর  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা

অনুপিসি:

১. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)